০৩

# প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৮

সেট : ৯৫৭৩
তারিখ : ১১.০৫.২০১৮

[স্থগিত ২০১৪]

সময় : ১ ঘণ্টা ২০ মিনিট
পূর্ণমান : ৮০

## যে ২০ জেলায় পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল

মানিকগঞ্জ, রাজবাড়ী, ফরিদপুর, চাঁপাইনবাবগঞ্জ, কুষ্টিয়া, মাগুরা, বাগেরহাট, শেরপুর, গোপালগঞ্জ, নোয়াখালী, কক্সবাজার, পিরোজপুর, সুনামগঞ্জ, হবিগঞ্জ, মৌলভীবাজার, পটুয়াখালী, ভোলা, পঞ্চগড়, ঠাকুরগাঁও, লালমনিরহাট।

[দ্রষ্টব্যঃ উত্তরদাতা প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ (এক) নম্বর পাবেন এবং প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ (দশমিক দুই পাঁচ) নম্বর কাটা যাবে]

**০১. ইউরিয়া সারে শতকরা কতভাগ নাইট্রোজেন থাকে?**

ক. ৫৫% খ. ৪০%
গ. ৫০% ঘ. ৪৬%

উত্তর ঘ ব্যাখ্যা ইউরিয়া সারের সংকেত $CO(NH_2)_2$ যাহা মাটিতে ৪৬% নাইট্রোজেন সরবরাহ করে। এছাড়া সুপার ফসফেটে ২০% $P_2O_5$ এবং টি এস পি প্রায় 46%.$P_2O_5$ সরবরাহ করে। চট্টগ্রামের পতেঙ্গায় ট্রিপল সুপার ফসফেট কারখানা ও চট্টগ্রামের কর্ণফুলী নদীর দক্ষিণপাড়ে এদেশের সর্ববৃহৎ ইউরিয়া সার কারখানা প্রতিষ্ঠিত আছে। ফেঞ্চুগঞ্জে একটি ইউরিয়া সার কারখানা আছে।

**০২. মুক্তিযুদ্ধে অবদানের জন্য সর্বোচ্চ রাষ্ট্রীয় খেতাব-**

ক. বীর উত্তর খ. বীর প্রতীক
গ. বীরশ্রেষ্ঠ ঘ. বীর বিক্রম

উত্তর গ ব্যাখ্যা বীরশ্রেষ্ঠ ৭ জন, বীর উত্তম ৬৯ জন, বীর বিক্রম ১৭৫ জন ও বীর প্রতীক ৪২৬ জন। বীরশ্রেষ্ঠদের মধ্যে সিপাহী মোহাম্মদ মোস্তফা কামাল প্রথম শহিদ হন। ৩ জন সেনাবহিনী, ২ জন ই পি আর, ১ জন নৌবাহিনী ও ১ জন বিমানবাহিনীর সদস্য ছিলেন।

**০৩. $7p^2 - p - 4$ এর একটি উৎপাদক হবে-**

ক. 7p খ. 8-7p
গ. 7p-8 ঘ. p-4

উত্তর = ব্যাখ্যা উল্লিখিত প্রশ্নের সঠিক উত্তর নেই।

**০৪. দহগ্রাম ছিটমহল বাংলাদেশের নিম্নের কোন জেলায় অবস্থিত?**

ক. কুড়িগ্রাম খ. লালমনিরহাট
গ. দিনাজপুর ঘ. নীলফামারী

উত্তর খ ব্যাখ্যা বর্তমানে বাংলাদেশ ও ভারতের মধ্যে কোনো ছিটমহল নেই। ১ আগস্ট ২০১৫ এর পূর্বে ভারত ও বাংলাদেশের মধ্য মোট ১৬২টি ছিটমহল ছিল। যার মধ্যে ভারতের দহগ্রাম ছিটমহলটি বাংলাদেশের লালমনিরহাট জেলায় অবস্থিত ছিল।

**০৫. দুটি সংখ্যার লসাগু এবং গসাগু এর গুণফল সংখ্যা দুটির-**

ক. গড়ের সমান খ. গুণফলের সমান
ঘ. ভাগফলের সমান খ. কোনোটিই নয়

উত্তর খ ব্যাখ্যা আমরা জানি,
দুটি সংখ্যার গুণফল = ল.সা.গু × গ.সা.গু।

**০৬. উত্তরা গণভবন কোন জেলায় অবস্থিত?**

ক. নাটোর খ. বগুড়া
গ. রংপুর ঘ. রাজশাহী

উত্তর ক ব্যাখ্যা উত্তরা গণভবন বা দিঘাপাতিয়া রাজবাড়ী নাটোর জেলায় অবস্থিত। ১৯৬৭ সালের বাসভবন (The East Pakistan Governor's house of Dighapatia) হিসেবে উদ্বোধন করেন। পরবর্তীতে ১৯৭২ সালের ৯ ফেব্রুয়ারি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর নামকরণ করেন উত্তরা গণভবন।

**০৭. We couldn't buy anything because —— of the shops was open.**

ক. all খ. no one
গ. nothing ঘ. none

উত্তর ঘ ব্যাখ্যা None of the shops - দোকানগুলির কোনোটিই নয়।

**০৮. Choose the opposite word in meaning to the word 'Liability'**

ক. Property খ. Treasure
গ. Debt ঘ. Assets

উত্তর ঘ ব্যাখ্যা Liability - দায়; Assets - সম্পদ।

**০৯. কোনো ত্রিভুজের তিনটি বাহুকে বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ কোণ তিনটির সমষ্টি হবে-**

ক. ৩৬০ ডিগ্রি খ. ২৪০ ডিগ্রি
গ. ২৮০ ডিগ্রি ঘ. ২৯০ ডিগ্রি

উত্তর ক ব্যাখ্যা যে কোনো ত্রিভুজের ক্ষেত্রে তিনটি বাহুকে বর্ধিত করলে উৎপন্ন বহিস্থ কোণ তিনটির সমষ্টি হবে ৩৬০° ডিগ্রি।

**১০. যে পরিমাণ খাদ্যে ২০০ জন লোকের ২০ সপ্তাহ চলে, ঐ পরিমাণ খাদ্যে কত জন লোকের ৮ সপ্তাহ চলবে?**

ক. ৫০০ জন খ. ৪০০ জন
গ. ৬০০ জন ঘ. ৩০০ জন

উত্তর ক ব্যাখ্যা

২০ সপ্তাহ চলে ২০০ জন লোকের

∴ ১ " " ২০০ × ২০ " "

∴ ৮ " " $\frac{২০০ \times ২০}{৮}$ " "

= ৫০০ জন লোকের

**১১. চাউলের মূল্য ২০% বৃদ্ধি পাওয়াতে ৭৫০ টাকায় পূর্বাপেক্ষা ৫ কেজি চাল কম পাওয়া গেল। ১ কেজি চালের পূর্বমূল্য কত ছিল?**

ক. ২৫ খ. ৩৫
গ. ৪৫ ঘ. ৫০

উত্তর ক ব্যাখ্যা

বর্তমান মূল্য ১২০ টাকা হলে পূর্ব মূল্য ১০০ টাকা

" " ১ " " " " = $\frac{১০০}{১২০}$ "

" " ৭৫০ " " " " = $\frac{১০০ \times ৭৫০}{১২০}$ "

= ৬২৫ টাকা

মূল্য বৃদ্ধি (৭৫০ – ৬২৫) = ১২৫ টাকা

∴ ৫ কেজি চালের পূর্ব মূল্য = ১২৫ টাকা

∴ ১ " " " " = $\frac{১২৫}{৫}$ "

= ২৫ টাকা।

**১২. নিচের কোনটি চলিত রীতির শব্দ?**

ক. শুকনো খ. পড়িল
গ. সন্দিত ঘ. তুলা **উত্তর ক**

**১৩. $a^2 + \frac{1}{a^2} = 2$ হলে, $a - \frac{1}{a} =$ কত?**

ক. 3 খ. 0
গ. 1 ঘ. 2

**উত্তর ✓ খ** ব্যাখ্যা $\left(a - \frac{1}{a}\right)^2 = a^2 + \frac{1}{a^2} - 2.a.\frac{1}{a} = 2 - 2 = 0$

$\therefore a - \frac{1}{a} = 0$

**১৪. মোডেমের মাধ্যমে কম্পিউটারের সাথে-**

ক. টেলিফোন লাইনের সংযোগ সাধন হয়
খ. ইন্টারনেট লাইনের সংযোগ সাধন হয়
গ. টেলিভিশন লাইনের সংযোগ সাধন হয়
ঘ. বৈদ্যুতিক লাইনের সংযোগ সাধন হয় **উত্তর খ**

**১৫. 'ধীমান' শব্দটির অর্থ কি?**

ক. প্রজ্ঞাবান খ. বুদ্ধিমান
গ. নিরীহ ঘ. শান্ত

উ ব্যাখ্যা 'ধীমান' বিশেষণবাচক শব্দটির অর্থ : বুদ্ধিমান।

**১৬. $\frac{০.০০১}{০.১ \times ০.১} =$ কত?**

ক. ০.০১ খ. ০.১
গ. ১.১ ঘ. ০.০০১

**উত্তর ✓ খ** ব্যাখ্যা

$\frac{০.০০১}{০.১ \times ০.১} = \frac{১ \times ১০ \times ১০}{১ \times ১ \times ১০০০} = \frac{১}{১০} = ০.১$

**১৭. 'অনিল বাগচীর একদিন' উপন্যাসটির রচয়িতা কে?**

ক. হুমায়ুন আহমেদ খ. সেলিনা হোসেন
গ. হুমায়ুন আজাদ ঘ. সৈয়দ শামসুল হক

**উত্তর ✓ ক** ব্যাখ্যা 'অনিল বাগচীর একদিন' ছাড়াও হুমায়ূন আহমেদ রচিত মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস: জোছনা ও জননীর গল্প, সৌরভ, ১৯৭১, আগুনের পরশমণি, শ্যামল ছায়া।

**১৮. 'হাড় হাভাতে'- বাগধারাটির অর্থ কোনটি?**

ক. হতভাগ্য খ. ক্ষুধার্ত
গ. রোগা ঘ. দরিদ্র

**উত্তর ✓ ক** ব্যাখ্যা কতিপয় বাগধারা : আটকপালে (হতভাগ্য)। ইঁদুর কপালে (নিতান্ত মন্দ ভাগ্য), অষ্টকপাল (হতভাগ্য), অদৃষ্টের পরিহাস (ভাগ্যের নিষ্ঠুরতা), কলির সন্ধ্যা (দুর্দিনের সূত্রপাত)।

**১৯. নিম্নের কোনটি বাংলাদেশ সরকারের কর বহির্ভূত রাজস্ব?**

ক. সম্পূরক শুল্ক খ. টোল ও লেভি
গ. বাণিজ্য শুল্ক ঘ. মূল্য সংযোজন কর

**উত্তর ✓ খ** ব্যাখ্যা অনেক দ্রব্য সামগ্রীর উপর আমদানি ও আবগারী শুল্ক বা ভ্যাট আরোপের পর ও অতিরিক্ত যে শুল্ক আরোপ করা হয় তাকে সম্পূরক শুল্ক বলে। মূল্য সংযোজন কর বা মূসক। Valu Added Tax বা VAT। বাংলাদেশ ১ জুলাই ১৯৯১ সালে মূসক ব্যবস্থা প্রবর্তন করা হয়।

**২০. The 'Tale of Two Cities' is written by–**

ক. Jane austen খ. Thomas Hardy
গ. Charles Dickens ঘ. George Eliot

**উত্তর ✓ গ** ব্যাখ্যা 'The Tale of Two Cities' গ্রন্থটি Victorian Novelist Charles Dickens রচিত একটি বহুল পঠিত উপন্যাস।

**২১. Rahim discourages me — borrowing.**

ক. from খ. in
গ. to ঘ. on

**উত্তর ✓ ক** ব্যাখ্যা discourage from - কোনো কিছু থেকে নিরুৎসাহিত করা।

**২২. ভারত ও শ্রীলঙ্কাকে পৃথক করেছে কোন প্রণালি?**

ক. পক প্রণালি খ. জিব্রাল্টার প্রণালি
গ. মালাক্কা প্রণালি ঘ. হরমুজ প্রণালি

**উত্তর ✓ ক** ব্যাখ্যা

| নাম | পৃথক করেছে | সংযুক্ত করেছে |
|---|---|---|
| পক প্রণালি | ভারত-শ্রীলংকা | ভারত মহাসাগর-আরব সাগর |
| জিব্রাল্টার প্রণালি | আফ্রিকা-ইউরোপ | উত্তর আটলান্টিক-ভূমধ্যসাগর |
| মালাক্কা প্রণালি | সুমাত্রা-মালয়েশিয়া | বঙ্গোপসাগর-জাভা সাগর |
| হরমুজ প্রণালি | আরব-ইরান | পারস্য উপসাগর-ওমান উপসাগর |
| ডোভার প্রণালি | ফ্রান্স-ব্রিটেন | ইংলিশ চ্যানেল-উত্তর সাগর |

**২৩. একটি প্রতিযোগিতামূলক পরীক্ষায় ৬০% পরীক্ষার্থী পাশ করেছে। যারা পাশ করেনি তাদের ১৫ জন বিদেশে চলে গেল এবং ৪৫ জন ব্যবসা শুরু করল। কতজন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করেছে?**

ক. ২৫০ খ. ১০০
গ. ১৫০ ঘ. ২০০

**উত্তর ✓ গ** ব্যাখ্যা মোট ফেল করেছে (১৫ + ৪৫) = ৬০ জন
৬০% পাস করলে ফেল করে = (১০০ − ৬০) = ৪০%
এখন ৪০% = ৬০ জন

$১\% = \frac{৬০}{৪০}$ "

$১০০\% = \frac{৬০ \times ১০০}{৪০}$ "

= ১৫০ জন

**২৪. 'দিবারাত্রির কাব্য' কার লেখা?**

ক. মানিক বন্দোপাধ্যায় খ. বন্দে আলী মিয়া
গ. গোলাম মোস্তফা ঘ. সুফিয়া কামাল

**উত্তর ✓ ক** ব্যাখ্যা মানিক বন্দ্যোপাধ্যায় রচিত উল্লেখযোগ্য উপন্যাস: দিবারাত্রির কাব্য, পুতুলনাচের ইতিকথা, পদ্মানদীর মাঝি, শহরবাসের ইতিকথা, স্বাধীনতার স্বাদ, ইতিকথার পরের কথা।

**২৫. সারাংশে নিচের কোনটির প্রয়োজন নেই?**

ক. সংক্ষেপণ খ. প্রাঞ্জলতা
গ. সরলতা ঘ. অলঙ্কার

**উত্তর ✓ ঘ** ব্যাখ্যা সারাংশ লিখনে ভাষার বাহুল্য, উপমা, অলংকার-এগুলো বর্জনীয়। সারাংশের মূল উদ্দেশ্য অন্তর্নিহিত তাৎপর্য তুলে ধরা।

**২৬. Which is correctly spelt?**

ক. Diarrhoea খ. Dirohea
গ. Dirrohea ঘ. Dirrhoea **উত্তর ক**

**২৭. 'কুসুম্বা মসজিদ'টি কোথায় অবস্থিত?**

ক. কুমিল্লা খ. নওগাঁ
গ. নাটোর ঘ. ঢাকা

উত্তর✓ খ ব্যাখ্যা

| নাম | অবস্থান | নাম | অবস্থান |
|---|---|---|---|
| কুসুম্বা শাহী মসজিদ | মান্দা, নওগাঁ | কসবা মসজিদ | গৌরনদী, বরিশাল |
| তারা মসজিদ | আরমানি টোলা, ঢাকা | নয় গম্বুজ মসজিদ | বাগেরহাট |
| সাত গম্বুজ মসজিদ | মোহাম্মদপুর, ঢাকা | ষাট গম্বুজ মসজিদ | বাগেরহাট |
| বজরা শাহী মসজিদ | বেগমগঞ্জ, নোয়াখালী | আতিয়া মসজিদ | দেলদুয়ার, টাঙ্গাইল |

**২৮. ৫০০ টাকার ৪ বছরের সুদ এবং ৬০০ টাকার ৫ বছরের সুদ একত্রে ৫০০ টাকা হলে, সুদের হার কত?**

ক. ৬% খ. ১০%
গ. ১২% ঘ. ৫%

উত্তর✓ খ ব্যাখ্যা শর্তমতে,

$৫০০ \times ৪ \times \frac{r}{১০০} + ৬০০ \times ৫ \times \frac{r}{১০০} = ৫০০$

$\Rightarrow ২০r + ৩০r = ৫০০ \Rightarrow ৫০r = ৫০০$

$\Rightarrow r = \frac{৫০০}{৫০} \quad \therefore r = ১০\%$

**২৯. নিম্নের কোন দেশটি আফ্রিকা মহাদেশের নয়?**

ক. নাইজেরিয়া খ. তিউনিসিয়া
গ. আলজেরিয়া ঘ. আলবেনিয়া

উত্তর✓ ঘ ব্যাখ্যা আলবেনিয়া দক্ষিণ ইউরোপের একটি দেশ, যার রাজধানী তিরানা ও মুদ্রার নাম লেক। নাইজেরিয়া, তিউনিসিয়া ও আলজেরিয়া দেশগুলো আফ্রিকা মহাদেশে অবস্থিত। আয়তনে আফ্রিকা মহাদেশে বৃহত্তম দেশ আলজেরিয়া আর জনসংখ্যায় - নাইজেরিয়া।

**৩০. বৃক্ষ শব্দের সমার্থক শব্দ নয় কোনটি?**

ক. বনানী খ. পাদপ
গ. বিটপী ঘ. শিখরী উত্তর ক

**৩১. মনীষা শব্দের সঠিক সন্ধিবিচ্ছেদ কোনটি?**

ক. মনি + ঈষা খ. মনস্ + ঈষা
গ. মনঃ + ঈষা ঘ. মনী + ইষা

উত্তর✓ খ ব্যাখ্যা মনস্ + ঈষা = মনীষা (নিপাতনে সিদ্ধ সন্ধি)। যখন কোনো কর্মকে ব্যাকরণের নিয়মানুসারে ব্যাখ্যা করা যায় না, অথচ তার বৈধতা দেওয়া হয়, তখন সেই ব্যতিক্রমকে বৈধতা দেয়াকে নিপাতনে সিদ্ধ বলে। যেমন: আ + চর্য = আশ্চর্য, বন্ + পতি = বনস্পতি, পর্ + পর = পরস্পর।

**৩২. একটি বাঁশের $\frac{১}{৪}$ অংশ কাঁদায়, $\frac{৩}{৫}$ অংশ পানিতে এবং অবশিষ্ট ৩ মিটার পানির উপরে আছে। বাঁশটির দৈর্ঘ্য কত?**

ক. ২০ মিটার খ. ১৫ মিটার
গ. ১৬ মিটার ঘ. ১২ মিটার

উত্তর✓ ক ব্যাখ্যা ধরি, বাঁশটির দৈর্ঘ্য x মিটার

$\therefore x - \frac{x}{4} - \frac{3x}{5} = 3 \Rightarrow 20x - 5x - 12x = 60$

$\Rightarrow 3x = 60 \Rightarrow x = 20$ ∴ বাঁশটির দৈর্ঘ্য ২০ মিটার।

**৩৩. কোন সংস্থা বিশ্ব ঐতিহ্য এলাকা ঘোষণা করে?**

ক. ইউনেস্কো খ. ডব্লিউএইচও
গ. ইউএনডিপি ঘ. ইউনিসেফ

উত্তর✓ ক ব্যাখ্যা UNESCO - United Nations Educational scientific and Cultural Organization. সদর দপ্তর প্যারিস, ফ্রান্স। WHO এর সদর দপ্তর - জেনেভা, সুইজারল্যান্ড। UNDP ও UNICEF এর সদর দপ্তর নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র।

**৩৪. ৭৫০০ টাকা ১ : ২ : ৩ : ৪ : ৫ অনুপাতে ভাগ করলে বৃহত্তম ও ক্ষুদ্রতম অংশের পার্থক্য হবে-**

ক. ২৬০০ খ. ৩০০০
গ. ২০০০ ঘ. ২৫০০

উত্তর✓ গ ব্যাখ্যা

অনুপাতগুলোর যোগফল = ১ + ২ + ৩ + ৪ + ৫ = ১৫

ক্ষুদ্রতম অংশ = $৭৫০০ \times \frac{১}{১৫} = ৫০০$ টাকা।

বৃহত্তম অংশ = $৭৫০০ \times \frac{৫}{১৫} = ২৫০০$ টাকা।

∴ পার্থক্য = (২৫০০ − ৫০০) টাকা = ২০০০ টাকা।

**৩৫. বাংলাপিডিয়া প্রকাশের উদ্যোক্তা কে?**

ক. বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি খ. বাংলা একাডেমি
গ. দি ইউনিভার্সিটি প্রেস লি. ঘ. মুক্তিযুদ্ধ জাদুঘর

উত্তর✓ ক ব্যাখ্যা ১৯৫২ সালে প্রতিষ্ঠিত 'এশিয়াটিক সোসাইটি অফ পাকিস্তান'। ১৯৭২ সালে 'এশিয়াটিক সোসাইটি অফ বাংলাদেশ' নামধারণ করে। বর্তমান ভবন ঢাকার নিমতলীতে।

**৩৬. মানবদেহের কোষে কত জোড়া ক্রোমোসোম থাকে?**

ক. ২৪ জোড়া খ. ৩৯ জোড়া
গ. ২৩ জোড়া ঘ. ২৫ জোড়া

উত্তর✓ গ ব্যাখ্যা ক্রোমোসোম হচ্ছে বংশগতির প্রধান উপাদন।

| উদ্ভিদের নাম | ক্রোমোসোমের সংখ্যা (জোড়ায়) | প্রাণীর নাম | ক্রোমোসোমের সংখ্যা (জোড়ায়) |
|---|---|---|---|
| ধান | ১২ | মানুষ | ২৩ |
| গম | ২১ | গরু | ৩০ |
| ভুট্টা | ১০ | ছাগল | ৩০ |
| পাট | ৭ | রেশম পোকা | ২৩ |

**৩৭. The chairman and secretary —— present at the last meeting.**

ক. is খ. have
গ. was ঘ. were

উত্তর✓ গ ব্যাখ্যা সাধারণগত দুটি পদবীর একটি Definite article 'the' দ্বারা যুক্ত হলে পরবর্তী verb টির form 'singular' (was) হয়।

**৩৮. The word American is-**

ক. noun খ. adjective
গ. pronoun ঘ. both noun and adjective

উত্তর✓ ঘ ব্যাখ্যা

| An | American |
|---|---|
| Article | N |

| The | American | Soldier |
|---|---|---|
| Article | Adj | N |

**৩৯. কাজী নজরুল ইসলামের বাল্য স্মৃতিবিজরিত ময়মনসিংহের স্থানটির নাম কী?**

ক. কামারপুর খ. গোপালপুর
গ. দরিরামপুর ঘ. জগদীশপুর

উত্তর: গ ব্যাখ্যা: কাজী নজরুল ইসলামের বাল্য স্মৃতিবিজরিত ময়মনসিংহের স্থানটির নাম দরিরামপুর। ১৯১৪ সালে কাজী রফিকউদ্দিন নামে আসানসোল থানার একজন দারোগা নিজের বাড়ি ময়মনসিংহ জেলার সিমলা গ্রামে কাজী নজরুল ইসলামকে নিয়ে গিয়ে ত্রিশাল বাজারের নিকটবর্তী দরিরামপুর স্কুলে সপ্তম শ্রেণিতে ভর্তি করিয়ে দেন। যদিও তিনি ঐ বছরের ডিসেম্বর মাসে বার্ষিক পরীক্ষা শেষ হবার পরেই কাউকে কিছু না বলে সিমলা ত্যাগ করে রাণীগঞ্জে প্রত্যাবর্তন করেন।

**৪০. সর্বমোট কত সংখ্যক গাছ হলে একটি বাগানে ৭, ১৪, ২১, ৩৫ ও ৪২ সারিতে গাছ লাগালে একটিও কম বা বেশি হবে না?**

ক. ২৩০ খ. ২৬০
গ. ২১০ ঘ. ২২০

উত্তর: গ ব্যাখ্যা:

৭ | ৭, ১৪, ২১, ৩৫, ৪২
২ | ১, ২, ৩, ৫, ৬
৩ | ১, ১, ৩, ৫, ৩
  | ১, ১, ১, ৫, ১

∴ ল.সা.গু = ৭ × ২ × ৩ × ৫ = ২১০
∴ ২১০ টি গাছ।

**৪১. He is confident —— success.**

ক. to খ. of
গ. for ঘ. with উত্তর: খ

**৪২. তিস্তা নদীর উৎপত্তিস্থল-**

ক. লুসাই পাহাড় খ. হিমালয়ের গাঙ্গোত্রী হিমবাহ
গ. তিব্বতের মানস সরোবর ঘ. সিকিমের পার্বত্য অঞ্চল

উত্তর: ঘ ব্যাখ্যা:

| নদ-নদী | উৎপত্তিস্থল |
|---|---|
| তিস্তা | সিকিমের পার্বত্য অঞ্চল |
| মেঘনা | আসামের নাগা মনিপুর পাহাড়ের দক্ষিণ লুসাই পাহাড় |
| পদ্মা | হিমালয় পর্বতের গঙ্গোত্রী হিমবাহ |
| ব্রহ্মপুত্র, যমুনা | তিব্বতের হিমালয়ের কৈলাসশৃঙ্গের মানস সরোবর |
| কর্ণফুলী | ভারতের মিজোরাম রাজ্যের লুসাই পাহাড় |

**৪৩. $১\frac{২}{৩}$ এর $\frac{১}{৫} \div \frac{১}{৯}$ = কত?**

ক. ৬ খ. ৫
গ. ৩ ঘ. ৪

উত্তর: গ ব্যাখ্যা:

$১\frac{২}{৩}$ এর $\frac{১}{৫} \div \frac{১}{৯} = \frac{৫}{৩}$ এর $\frac{১}{৫} \div \frac{১}{৯} = \frac{১}{৩} \div \frac{১}{৯} = \frac{১}{৩} \times \frac{৯}{১} = ৩$

**৪৪. কোনটি উভয়লিঙ্গবাচক শব্দ?**

ক. মানুষ খ. টেবিল
গ. সৈন্য ঘ. প্রিয়

উত্তর: ক ব্যাখ্যা: ভাষার এমন কতকগুলো নামবাচক শব্দ আছে, যেসব শব্দে পুরুষ ও স্ত্রী উভয়ই বোঝায়; এদের উভয়লিঙ্গ বলে। যেমন: মানুষ, সন্তান, লোক, যাত্রী ইত্যাদি।

**৪৫. x + y = 12 এবং x − y = 8 হলে, xy এর মান কত?**

ক. 40 খ. 60
গ. 80 ঘ. 20

উত্তর: ঘ ব্যাখ্যা: আমরা জানি,

$$xy = \left(\frac{x+y}{2}\right)^2 - \left(\frac{x-y}{2}\right)^2 = \left(\frac{12}{2}\right)^2 - \left(\frac{8}{2}\right)^2$$
$$= (6)^2 - (4)^2 = 36 - 16 = 20$$

**৪৬. Choose the correct sentence :**

ক. The man appears to be stronger than other living men.
খ. he man appears to be stronger than many living man.
গ. The man appears to be stronger than all other living men.
ঘ. The man appears to be stronger than any other living man.

উত্তর: ঘ ব্যাখ্যা: Than any other + Noun (singular)

**৪৭. Which word is correct?**

ক. Achievment খ. Acheivment
গ. Achievement ঘ. Acheivement উত্তর: গ

**৪৮. 'লক্ষ প্রদান করিল'- এর চলিত রূপ কোনটি?**

ক. লাফ দিল খ. লক্ষ দিল
গ. লক্ষ প্রদান করল ঘ. লাফ প্রদান করল উত্তর: ক

**৪৯. ১০০ জন শিক্ষার্থীর পরিসংখ্যানে গড় নম্বর ৭০, এদের মধ্যে ৬০ জন ছাত্রীর গড় নম্বর ৭৫ হলে, ছাত্রদের গড় নম্বর কত?**

ক. ৬৫.৫ খ. ৬২.৫
গ. ৫৫.৫ ঘ. ৬০.৫

উত্তর: খ ব্যাখ্যা:

১০০ জন শিক্ষার্থীর মোট নম্বর = ৭০ × ১০০ = ৭০০০
৬০ জন ছাত্রীর মোট নম্বর ৭৫ × ৬০ = ৪৫০০
৪০ জন ছাত্রের মোট নম্বর ৭০০০ - ৪৫০০ = ২৫০০

∴ ছাত্রদের গড় নম্বর = $\frac{২৫০০}{৪০}$ = ৬২.৫

**৫০. What is the meaning of 'White Elephant'?**

ক. A big elephant
খ. A very costly and troublesome possession
গ. A precious and rate possession
ঘ. An elephant of white colour উত্তর: খ

**৫১. Which of the following sentence is correct?**

ক. Which shirt he bought is blue in colour.
খ. The shirt which he bought is blue in colour
গ. That shirt which he has bought is blue in colour.
ঘ. The shirt that which he bought is blue in colour

উত্তর: খ ব্যাখ্যা: বাক্যে main clause টি হলো The shirt is blue in colour।

বি.দ্র: 'Which he bought' clause টি একটি Adjective clause; যেটি বাক্যে কখনোই subject হিসেবে ব্যবহৃত হয় না।

**৫২. কোন সংখ্যার বর্গমূলের সাথে ১০ যোগ করলে যোগফল ৪-এর বর্গ হবে?**

ক. ৩৬ খ. ৯
গ. ১৬ ঘ. ২৫

উত্তর: ক ব্যাখ্যা: $\sqrt{x} + ১০ = (8)^2$

$\Rightarrow \sqrt{x} = ১৬ - ১০ \Rightarrow \sqrt{x} = ৬ \therefore x = ৩৬$

**৫৩. What is the passive voice of 'who did this?'**

ক. By whom this has been done?
খ. Whom did this?
গ. By whom was this done?
ঘ. ho has done this?

উত্তর: গ ব্যাখ্যা: Who যুক্ত Active Voice কে Passive voice এ রূপান্তরের নিয়ম :
By whom + H.V + Sub (Active voice এর object) + $V_3$

**৫৪. একটি বাড়ি ৪০ ফুট উঁচু। একটি মইয়ের তলদেশ মাটিতে বাড়িটির দেয়াল থেকে ৯ ফুট দূরে রাখা আছে। উপরে মইটি বাড়িটির ছাদ ছুয়ে আছে। মইটি কত ফুট লম্বা?**

ক. ৪২ খ. ৪১
গ. ৪৭ ঘ. ৪৫

উত্তর: খ ব্যাখ্যা: মইটির দৈর্ঘ্য $= \sqrt{(৪০)^2 + (৯)^2}$
$= \sqrt{১৬০০ + ৮১}$
$= \sqrt{১৬৮১} = ৪১$

**৫৫. What is the indirect speech of the sentence? - He said "I can do the work".**

ক. He said that I will do the work.
খ. He said that he could do the work.
গ. He said that he can do the work.
ঘ. He said that I could do the work.

উত্তর: খ ব্যাখ্যা: Indirect Narration এ রূপান্তরের ক্ষেত্রে Reporting verb টি Past tense এর হলে Reported speech এর verb টি Past form এ পরিবর্তিত হয়।

**৫৬. টাকায় ৫টি মার্বেল বিক্রয় করায় ১২% ক্ষতি হয়। ১০% লাভ করতে হলে টাকায় কয়টি বিক্রয় করতে হবে?**

ক. ৩টি খ. ২টি
গ. ৪টি ঘ. কোনোটিই নয়

উত্তর: গ ব্যাখ্যা:
৫টি মার্বেলের বিক্রয়মূল্য = ১ টাকা
১ " " " $= \frac{১}{৫}$ "

১২% ক্ষতির ক্ষেত্রে,
বিক্রয়মূল্য ৮৮ টাকা হলে ক্রয়মূল্য ১০০ টাকা
" $\frac{১}{৫}$ " " " " $\frac{১০০}{৮৮} \times \frac{৫}{২২}$ "
$= \frac{৫}{২২}$ টাকা।

১০% লাভের ক্ষেত্রে,
ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয়মূল্য = ১১০ টাকা
" $\frac{৫}{২২}$ " " " " $= \frac{১১০}{১০০} \times \frac{৫}{২২}$ "
$= \frac{১}{৪}$ টাকা

অর্থাৎ,
$\frac{১}{৪}$ টাকায় বিক্রয় করতে হবে ১টি মার্বেল
১ " " " " $১ \times \frac{৪}{১}$ " "
= ৪টি মার্বেল।

**৫৭. Choose the correct sentence.**

ক. Airport is a busy place.
খ. Airport is busy place.
গ. The Airport is a busy place.
ঘ. The Airport is busy place.

উত্তর: গ ব্যাখ্যা: সাধারণত সমগ্রতা বোঝাতে Airport শব্দটির পূর্বে 'the' definite Article টি ব্যবহৃত হয় এবং Singular Common Noun এর পূর্বে Indifinite Article a/an বসে।

**৫৮. বজ্রপাতের সময় থাকা উচিত?**

ক. গুহার ভিতর বা মাটিতে শুয়ে খ. খোলা মাঠে দাড়িয়ে
গ. উঁচু দেয়ালের কাছে ঘ. উঁচু গাছের নিচে

উত্তর: ক

**৫৯. 'কর্মে যাহার ক্লান্তি নাই' এই বাক্যাংশের সংক্ষিপ্ত রূপ কী?**

ক. অবিশ্রাম খ. অক্লান্ত
গ. ক্লান্তিহীন ঘ. অক্লান্ত কর্মী

উত্তর: ঘ ব্যাখ্যা: কতিপয় এক কথায় প্রকাশ : কাজে অতিশয় কুশল - কর্মঠ, কষ্টে লাভ করা যায় যা-দুর্লভ, দুবার জন্মে যে-দ্বিজ, দেখা যায় না যা-অদৃশ্য, দেখা যায় নি যা-অদৃষ্ট, পরিহার করা যায় না যা-অপরিহার্য।

**৬০. মুক্তিযুদ্ধকালীন কোন তারিখে বুদ্ধিজীবীদের ওপর হত্যাকাণ্ড সংঘটিত হয়?**

ক. ১৪ ডিসেম্বর ১৯৭১ খ. ১৭ এপ্রিল ১৯৭১
গ. ১৬ ডিসেম্বর ১৯৭১ ঘ. ২৫ মার্চ ১৯৭১

উত্তর: ক ব্যাখ্যা: ১৪ ডিসেম্বর ১৯৭১ সালে পশ্চিম পাকিস্তানি হানাদারবাহিনী পরিকল্পিতভাবে পূর্ব পাকিস্তানি বুদ্ধিজীবীদের হত্যাকাণ্ড চালায়। তাই ১৪ ডিসেম্বর কে শহীদ বুদ্ধিজীবী দিবস বলা হয়। ১৬ ডিসেম্বর বিজয় দিবস। ১৯৭১ সালের ১৭ এপ্রিল বাংলাদেশের অস্থায়ী সরকার বা মুজিবনগর সরকারের মন্ত্রিপরিষদের সদস্যরা শপথ গ্রহণ করে। ১৯৭১ সালে ২৫ মার্চ রাতে পাকিস্তানি হানাদার বাহিনী পূর্ব পাকিস্তানি নিরীহ মানুষের হত্যাকাণ্ড চালায়। যা অপারেশন সার্চলাইট নামে পরিচিত।

**৬১. স্বাধীনতা যুদ্ধকালে বাংলাদেশকে কয়টি সেক্টরে ভাগ করা হয়েছিল?**

ক. ১১টি খ. ৮টি
গ. ৭টি ঘ. ১০টি

উত্তর: ক ব্যাখ্যা: ১৯৭১ সালে সংগঠিত বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ পরিচালনায় অস্থায়ী বাংলাদেশ সরকার সমগ্র ভূ-খণ্ডকে ১১টি সেক্টরে আর ৬৪টি সাব-সেক্টরে ভাগ করেন। ১০ নম্বর সেক্টরটিতে কোনো নিয়মিত কমান্ডার ছিলেন না। স্বাধীনতার যুদ্ধ মোট ১৭ জন কমান্ডার পরিচালনা করে।

**৬২. The antonym of the word 'delete' is —**

ক. dull খ. insert
গ. contract ঘ. discrete

উত্তর: খ

**৬৩. Which one of the following is an adverb.**

ক. Someone খ. Somebody
গ. Someday ঘ. Something

উত্তর: গ ব্যাখ্যা: 'Someday' শব্দটি সময় নির্দেশক হওয়ায় এটি 'Adverb of time' হিসেবে বিবেচিত হয়।

**৬৪. সংশয় এর বিপরীত শব্দ কোনটি?**

ক. প্রত্যয় খ. দ্বিধা
গ. ভয় ঘ. বিস্ময়

উত্তর: ক ব্যাখ্যা: 'সংশয়' বিশেষ্যবাচক শব্দটির অর্থ : সন্দেহ, দ্বিধা; যার বিপরীতার্থক শব্দ প্রত্যয়। কতিপয় বিপরীতার্থক শব্দ: সংকীর্ণ-প্রশস্ত, সমষ্টি-ব্যষ্টি, সুগম-দুর্গম, স্তুতি-নিন্দা, স্মরণ-বিস্মরণ, সংক্ষেপ-বাহুল্য।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

**৬৫. 'কপোত' শব্দটির সঠিক অর্থ কোনটি?**

ক. ময়ূর　　খ. কবুতর
গ. কোকিল　　ঘ. বক　　উত্তর খ

**৬৬. Choose the appropriate options to complete the sentences: Today —— people who enjoy cricket is bigger than that of thirty years ago.**

ক. a great deal of　　খ. many
গ. the number of　　ঘ. number of

উত্তর ✓ গ ব্যাখ্যা যেহেতু বাক্যের Finite verb টি singular (is) সেহেতু the number of + subject (plural) ব্যবহৃত হবে।

**৬৭. 'ইতর বিশেষ' বাগধারাটির অর্থ কী?**

ক. অতিশয় অভদ্র　　খ. অপদার্থ
গ. পার্থক্য　　ঘ. অভদ্র

উত্তর ✓ গ ব্যাখ্যা কতিপয় বাগধারা : আমড়া কাঠের ঢেঁকি (অপদার্থ), তামার বিষ (অর্থের কুপ্রভাব), উত্তম মধ্যম (প্রহার), উড়নচণ্ডী (অমিতব্যয়ী), এসপার ওসপার (মীমাংসা)।

**৬৮. সংযোগজ্ঞাপক সর্বনাম কোনটি?**

ক. যে　　খ. তাবৎ
গ. কিছু　　ঘ. স্বয়ং

উত্তর ✓ ক ব্যাখ্যা যে (সংযোগজ্ঞাপক সর্বনাম), তাবৎ (সাকুল্যবাচক সর্বনাম), কিছু (অনির্দিষ্টতাজ্ঞাপক) এবং স্বয়ং (আত্মবাচক সর্বনাম)।

**৬৯. Which one of the following is a common gender?**

ক. Teacher　　খ. book
গ. boy　　ঘ. madam　　উত্তর ক

**৭০. কোনটি ব্রিটিশ আমলের স্থাপত্য?**

ক. লালবাগ কেল্লা　　খ. জাতীয় সংসদ ভবন
গ. আঙ্গিনা মসজিদ　　ঘ. কার্জন হল

উত্তর ✓ ঘ ব্যাখ্যা লালবাগ কেল্লা মোগল আমলে নির্মিত হয়। জাতীয় সংসদ নির্মাণ কাজ শুরু হয়েছে ১৯৬১ সালে সম্পূর্ণ হয় ১৯৮২ সালে। স্থপতি লুই কান। কার্জন হল ভারতের ভাইসরয় লর্ড কার্জনের নামানুসারে রাখা হয়। ১৯০৩ সালে লর্ড কার্জন ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।

**৭১. পিসিকালচার বলতে কী বোঝায়?**

ক. মৎস্য চাষ　　খ. মৌমাছি চাষ
গ. হাঁস মুরগি পালন　　ঘ. রেশম চাষ

উত্তর ✓ ক ব্যাখ্যা

| | | | |
|---|---|---|---|
| মৎস্য চাষ | পিসি কালচার | মৌমাছি চাষ | এপি কালচার |
| রেশম চাষ | সেরি কালচার | পাখিপালন | এভি কালচার |
| মুক্তা চাষ | পার্ল কালচার | হাঁস মুরগি পালন | পোল্ট্রি কালচার |

**৭২. কোনটি সঠিক বানান?**

ক. নিশীথিনী　　খ. নিশিথিনি
গ. নিশিথিনী　　ঘ. নীশিথিনি　　উত্তর ক

**৭৩. $\frac{x}{y}$ এর সাথে কত যোগ করলে যোগফল $\frac{2y}{x}$ হবে?**

ক. $\frac{2x^2 + y^2}{}$　　খ. $\frac{x^2 - y^2}{}$
গ. $\frac{2y^2 - x^2}{xy}$　　ঘ. $\frac{x^2 - 2y^2}{xy}$

উত্তর ✓ গ ব্যাখ্যা প্রদত্ত সংখ্যা $= \frac{2y}{x} - \frac{x}{y} = \frac{2y^2 - x^2}{xy}$

**৭৪. একটি কলম ও বইয়ের মূল্য একত্রে ৯৫ টাকা। কলমটির মূল্য ১৫ টাকা বেশি এবং বইটির মূল্য ১৪ টাকা কম হলে, বইটির মূল্যের দ্বিগুণ হতো। বইটির মূল্য কত?**

ক. ৪০ টাকা　　খ. ৪৯ টাকা
গ. ৪৬ টাকা　　ঘ. কোনোটিই নয়

উত্তর ✓ গ ব্যাখ্যা শর্তমতে, $x + y = ৯৫$ ——— (১)

এবং $x + ১৫ = ২(y - ১৪)$

$\Rightarrow x + ১৫ = ২y - ২৮$

$\Rightarrow x - ২y = - ২৮ - ১৫$

$\Rightarrow x - ২y = - ৪৩$ ——— (২)

এখন,

$x + y = ৯৫$

$\underline{\overset{-}{}x \overset{+}{-} 2y = \overset{+}{-} ৪৩}$

$৩y = ১৩৮$

$\therefore y = ৪৬$

**৭৫. যার আগমনের কোনো তিথি নেই, তাকে বলা হয়?**

ক. তিথিহীন　　খ. তীর্থযাত্রী
গ. আগন্তুক　　ঘ. অতিথি　　উত্তর ঘ

**৭৬. নিচের কোন দেশটি আন্তর্জাতিক অর্থনৈতিক জোট জি-৮ এর সদস্য নয়?**

ক. সুইডেন　　খ. রাশিয়া
গ. জাপান　　ঘ. যুক্তরাষ্ট্র

উত্তর ✓ = ব্যাখ্যা উল্লিখিত প্রশ্নের একক সঠিক উত্তর নেই। কেননা জি-৮ এর বর্তমান পরিবর্তিত নাম জি-৭। যার সদস্য নয় সুইডেন ও রাশিয়া উভয়ই। পূর্বের জি-৮ এর সদস্য ছিল না সুইডেন।

**৭৭. কোন বানানটি সঠিক?**

ক. সান্মসিক　　খ. ষাণ্মাসিক
গ. ষান্মষিক　　ঘ. ষান্মসিক　　উত্তর খ

**৭৮. সম্বোধনের পর কোন চিহ্ন বসে?**

ক. সেমিকোলন　　খ. দাঁড়ি
গ. কমা　　ঘ. কোনোটিই নয়

উত্তর ✓ গ ব্যাখ্যা কমা (,) চিহ্নের কতিপয় ব্যবহার। (i) সম্বোধনের পর (ii) উদ্ধরণ চিহ্নের পূর্বে (iii) মাসের তারিখ লিখতে বার ও মাসের পর (iv) বাড়ি বা রাস্তার নম্বরের পরে।

**৭৯. 'A child likes sweets only' the negative form of the sentence is –**

ক. A child likes nothing but sweets
খ. A child likes but sweets
গ. A child likes not more sweets
ঘ. A child likes none but sweets

উত্তর ✓ ক ব্যাখ্যা Affirmative sentence এ 'Only' থাকলে Negative এ রূপান্তরের ক্ষেত্রে 'Only' এর স্থলে 'nothing but' (বস্তুর ক্ষেত্রে) অথবা none but (ব্যক্তির ক্ষেত্রে) ব্যবহৃত হয়।

**৮০. CPU এর পূর্ণরূপ কী?**

ক. Computer processing unit
খ. Central power unit
গ. Computer power unit
ঘ. Central processing unit　　উত্তর ঘ

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS